গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-১

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | ২০১৭-২০১৮ অর্থবছরের জননিরাপত্তা বিভাগ এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর এর অনুকূলে বরাদ্দকৃত বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন অগ্রগতি পরিবীক্ষণ বিষয়ে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ | মোস্তাফা কামাল উদ্দীন, সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় । |
| স্থান | ঃ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ২৮/০৯/২০১৭, সকাল ১১.০০টা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এক নজরে জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরসমূহের ২০১৭-২০১৮ অর্থবছরের মোট রাজস্ব প্রাপ্তি, উন্নয়ন ও অনুন্নয়ন খাতের বাজেট উপস্থাপন করেন। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব যুগ্ম-সচিব (বাজেট) কে আহবান জানান।

০২। বাজেট ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব যুগ্ম-সচিব (বাজেট) জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তর সমূহের ২০১৭-২০১৮ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, উন্নয়ন ও অনুন্নয়ন খাতের বাজেট সভায় উপস্থাপন করেন। অতঃপর তিনি স্ব-স্ব দপ্তরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন অগ্রগতি বিষয়ে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তরের প্রতিনিধির মতামত পেশ করার জন্য অনুরোধ জানান।

০৩। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের প্রতিনিধির মধ্য হতে বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি জানান যে, দেশের বর্তমান প্রেক্ষাপটে জঙ্গীদমন, সন্ত্রাস, সাইবারক্রাইম প্রতিরোধে তাদের দায়িত্ব ও কর্তব্য পালনের পরিধি ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ার বিষয়টি তুলে ধরেন এবং আগামী ০৩ (তিন) অর্থবছরের বাজেট পরিকল্পনা এবং বাৎসরিক ক্রয় পরিকল্পনা গ্রহণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের সংশোধিত বাজেটে অতিরিক্ত বরাদ্দের অনুরোধ জানান। বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি আরো জানান যে, জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে দায়িত্ব পালনের বিপরীতে জাতিসংঘ হতে প্রাপ্য অর্থ বাংলাদেশ পুলিশ এর আয়ের বড় অংশ। চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের প্রথম কোয়ার্টারে জাতিসংঘ হতে প্রাপ্য আয় এ পর্যন্ত না পাওয়ায় রাজস্ব প্রাপ্তির ক্ষেত্রে প্রকৃত আয় কম হয়েছে। অচিরেই প্রাপ্য অর্থ পাওয়া যাবে। এ অর্থ পাওয়া গেলে বাংলাদেশ পুলিশ এর রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা পূরণ হবে। প্রথম কোয়ার্টারে উন্নয়ন ও অনুন্নয়ন ব্যয়ের প্রতিফলন ibas++ এ বর্তমানে দেখা না গেলেও ২য় কোয়ার্টার নাগাদ তা দৃশ্যমাণ হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

০৪। বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি জানান যে, বর্ডার গার্ড এর কাজের বিনিময়ে কোন সার্ভিস চার্জ না থাকায় এবং দাপ্তরিক সুনির্দিষ্ট কয়েকটি খাতে সামান্য আয় থাকায় বর্ডার গার্ড এর নন-ট্যাক্স রেভিনিউ কম। তবে লক্ষ্যমাত্রা অনুযায়ী নন-ট্যাক্স রেভিনিউ আহরণে বর্ডার গার্ড বাংলাদেশ সচেষ্ট থাকবেন এবং উন্নয়ন ও অনুন্নয়ন খাতে কাজের ধারাবাহিকতা অব্যাহত রেখে ব্যয়ের লক্ষ্যমাত্রা পূরণের আশাবাদ ব্যক্ত করে এবং অচিরেই বাজেট পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গৃহীত হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

০৫। বাংলাদেশ আনসার ও ভিডিপি'র প্রতিনিধি জানান যে, নন-ট্যাক্স রেভিনিউ আয় বছরের প্রারম্ভে কম হলেও দ্বিতীয় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা পূরণ হবে। তাছাড়া, উন্নয়ন ও অনুন্নয়ন খাতে ব্যয়ের লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন।

০৬। বাংলাদেশ কোস্টগার্ড অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, রাজস্ব প্রাপ্তি খাতে আয়, অনুন্নয়ন খাতে ব্যয়ের লক্ষ্যমাত্রা যথেষ্ট অগ্রগতি হচ্ছে এবং পরবর্তী কোয়ার্টারেও তা অব্যাহত থাকবে। উন্নয়ন ব্যয়ের ক্ষেত্রে প্রথম কোয়ার্টারে পিছিয়ে থাকলেও সমুদ্রগামী জলযান ক্রয় অচিরেই সম্পন্ন হবে এবং তদানুযায়ী লক্ষ্যমাত্রা পূরণ হবে মর্মে সভাকে অবহিত করেন।

০৭। ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি)এর প্রতিনিধি জানান যে,তাদের সাংগঠনিক কাঠামো সম্প্রসারনের কার্যক্রম চলমান আছে। তাছাড়া, নিয়োগ বিধি না হওয়ায় জনবল নিয়োগ করা সম্ভব হয়নি। এ কারণে লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হয়নি। যুগ্ম সচিব(বাজেট) ২০১৭-২০১৮ অর্থবছরে বরাদ্দকৃত ৪৮৩৮-গোয়েন্দা কার্যবলী খাতে বরাদ্দকৃত ১৩.০০(তের কোটি) টাকা দুই কোয়ার্টারে বিভাজন দেখানো হয়েছে মর্মে দৃষ্টি আকর্ষণ করলে এনটিএমসি'র প্রতিনিধি জানান যে, পরিকল্পনা ও চাহিদা অনুযায়ী বাজেট বিভাজন করা হয়েছে। তাই এ বিষয়ে ভবিষ্যতে কোন সমস্যা হবে না।

০৮। উন্নয়ন অনুবিভাগের অতিরিক্ত সচিব(উন্নয়ন) জানান যে, বাজেট বাস্তবায়নের বিষয়টি APA তে আলোচনা করা হয়ে থাকে। তাছাড়া বাজেট বাস্তবায়নের বিষয়টি APA তে প্রতিফলন হয়ে থাকে; তাই আগামী মাস হতে ADP রিভিউ মিটিং, APA পর্যালোচনা সভা ও BMC সভা একসাথে করলে ভাল হবে। এ বিষয়গুলো একটির সাথে অন্যটি সম্পর্কিত।

০৯। দফা অনুযায়ী আলোচনা শেষ হওয়ার পর যুগ্ম-সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রত্যেক কোয়ার্টারের শেষে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ibas++ এ এন্ট্রি দিতে হবে মর্মে অর্থ বিভাগ হতে নির্দেশনা আছে। তৎপ্রেক্ষিতে ২য় কোয়ার্টার এর বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ জানুয়ারী ২০১৮ এর মধ্যে সকলকে জননিরাপত্তা বিভাগ ও অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানান। এ পর্যায়ে সভাপতি বলেন, যে সকল তথ্য আদান প্রদান বা ibas++ এ এন্ট্রি দেওয়ার জন্য নির্ধারিত সময়সীমা আছে, সে সকল ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়ায় নির্ধারিত সময়সীমার মধ্যে তা সম্পন্ন করার জন্য সকলকে অনুরোধ জানান। একই সাথে নন-ট্যাক্স রেভিনিউ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে আরো মনোযোগী হওয়ার জন্য পরামর্শ প্রদান করেন।

অপর পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য।

১০। সভায় বরাদ্দকৃত বাজেট বাস্তবায়ন, পরিকল্পনা প্রণয়ন অগ্রগতি পরিবীক্ষণ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

(ক) জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরের ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট বাস্তাবায়ন পরিকল্পনা এবং প্রথম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং বাজেট বাস্তাবায়ন পরিকল্পনা এবং প্রথম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

(খ) সকল অধিদপ্তর হতে বার্ষিক ক্রয় পরিকল্পনা বিস্তারিত ভাবে তৈরীপূর্বক ২০ অক্টোবর, ২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে;

(গ) জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরের ২০১৭-২০১৮ অর্থবছরের ২য় কোয়ার্টার এর বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ জানুয়ারী,২০১৮ এর মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করে ibas ++এ এন্ট্রি দিতে হবে এবং প্রত্যেক কোয়ার্টারের প্রতিবেদন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করে ibas++ এ এন্ট্রি দিতে হবে।

(ঘ) স্ব-স্ব দপ্তর/অধিদপ্তরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।

(ঙ) জননিরাপত্তা বিভাগ এর সকল অনুবিভাগ এবং এর নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা বাজেট বরাদ্দের অতিরিক্ত অর্থ বরাদ্দের চাহিদা, (**)দ্বি-তারকা চিহ্নিত অর্থের খরচের অনুমতি ও ছাড়করণ, (**)দ্বি-তারকা চিহ্ন প্রত্যাহার এবং পুনঃউপযোজনের প্রস্তাব প্রশাসন ও অর্থ অনুবিভাগের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে এবং

(চ) জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের বাজেট কোয়ার্টার ভিত্তিক বিভাজন ও ব্যয়ের ক্ষেত্রে সরকারের সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১১। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোস্তাফা কামাল উদ্দীন)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, জননিরাপত্তা বিভাগ।

নং-৪৪.০০.০০০০.০২৮.০৫.০০৪.১৪-

তারিখ: ০৩/১০/২০১৭ খ্রিঃ।

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
২। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও ভিডিপি অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড অধিদপ্তর, ঢাকা।
৫। সমন্বয়ক, তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৬। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি) ঢাকা সেনানিবাস, ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৪৫১৩

নং-৪৪.০০.০০০০.০২৮.০৫.০০৪.১৪- ৬৬৭/৮(২০)

তারিখ: ০৩/১০/২০১৭ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় ও জ্ঞার্তার্থে ও কার্যার্থে

১। অতিরিক্ত সচিব ......................................................................................(সকল অনুবিভাগ)।
২। অতিরিক্ত সচিব(বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্ম-সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।(বিষয়টি জননিরাপত্তা বিভাগ এর ওয়েব সাইটে প্রকাশ করা জন্য)।

০৩/১০/১৭
(আবু নাছের ভূঁঞা)
সিনিয়র সহকারী সচিব